

একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
পার-১ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৪২.০১২.০০.০০.০০৭.২০১৫-৩৯১


তারিখঃ ০৬.০৮.২০১৫ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার/সার্ভিসের কর্মকর্তাদের সহকারী অধ্যাপক পদে পদোন্নতি সংক্রান্ত বিজ্ঞপ্তি।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার/ সার্ভিসের কর্মকর্তাদের সহকারী অধ্যাপক পদে পদোন্নতির উদ্যোগ গ্রহণ করার প্রেক্ষিতে স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইটে ([www.dghs.gov.bd](http://www.dghs.gov.bd)) নোটিশ/বিজ্ঞপ্তি প্রদান করা হয়েছে। সহকারী অধ্যাপকের ফিডার পদে কর্মরত (সহকারী সার্জন, মেডিকেল অফিসার ও সমমানের পদ, ডেন্টাল সার্জন ও সমমানের পদ, প্রভাষক, সহকারী অধ্যাপক (চঃ দাঃ), জুনিয়র কনসালটেন্ট (চঃ দাঃ), জুনিয়র কনসালটেন্ট (নিয়মিত), সিনিয়র কনসালটেন্ট (চঃদাঃ) পদে কর্মরত) সংশ্লিষ্ট সকলকে স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী আগামী ১৬/০৮/২০১৫ তারিখের মধ্যে তথ্য ভান্ডারে রক্ষিত তথ্য সংশোধন/হালনাগাদ করার জন্য অনুরোধ করা হলো। পদোন্নতির জন্য স্বাস্থ্য অধিদপ্তর অথবা মন্ত্রণালয়ে কোন প্রকার আবেদন (হার্ড কপি) দাখিল করার প্রয়োজন নেই। সংশ্লিষ্ট কর্মকর্তাগণ কর্তৃক হালনাগাদকৃত এবং অধিদপ্তরের তথ্য ভান্ডারে রক্ষিত তথ্যের ভিত্তিতে পদোন্নতির জন্য কর্মকর্তাদের তালিকা প্রণয়ন করা হবে। নির্ধারিত সময়ের মধ্যে তথ্য হালনাগাদে ব্যর্থ হলে অধিদপ্তরে রক্ষিত তথ্যের ভিত্তিতে কর্মকর্তার নাম তালিকাভুক্ত করা হবে, এ নিয়ে পরবর্তীতে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না। উল্লেখ করা প্রয়োজন যে, সহকারী অধ্যাপক পদে পদোন্নতির জন্য The BCS Recruitment Rules, 1981 অনুযায়ী নিম্নলিখিত যোগ্যতা আবশ্যিক।

- (ক) ফিডার পদে ন্যূনতম ৫ বৎসর চাকুরি;
- (খ) চাকুরিতে স্থায়ীকরণ;
- (গ) সিনিয়র স্কেল পরীক্ষায় উত্তীর্ণ;
- (ঘ) সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা/পোস্ট গ্রাজুয়েট ডিগ্রী;
- (ঙ) সন্তোষজনক চাকুরিকাল;
- (চ) বিগত ৫ বৎসরের এসিআর;

২। এমতাবস্থায়, আগামী ১৬/০৮/২০১৫ তারিখের মধ্যে সহকারী অধ্যাপক পদে পদোন্নতির নিমিত্তে ফিডার পদে কর্মরত সকলকে স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইটের ([www.dghs.gov.bd](http://www.dghs.gov.bd)) নির্দেশনা অনুযায়ী তথ্য সংশোধন/হালনাগাদ করার জন্য এবং স্বাস্থ্য অধিদপ্তরের ৬১৮ নম্বর কক্ষে ২০১০ হতে ২০১৪ সন পর্যন্ত এসিআর (কোর্সে থাকা কর্মকর্তাদের জন্য সংশ্লিষ্ট বৎসর/বৎসরসমূহের PR) দাখিলের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(মইনউদ্দিন আহমদ)  
উপসচিব  
ফোনঃ ৯৫৭৭৯৮৪

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,
- ৩। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। পরিচালক (প্রশাসন/এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিজ্ঞপ্তিটি মাঠ পর্যায়ের সকলকে অবহিত করার অনুরোধসহ)।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। (এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। যুগ্মসচিব (পার) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।